



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term WorkSheet- 6

Class: 3



Subject: Bengali Grammar: (বোধশক্তির বিচার)

Date: 22/07/2020

পরাদীন যুগে দেশের জন্যে যারা সর্বস্ব ত্যাগ করেছিলেন মোহনদাস করমচাঁদ গান্ধী তাদের মধ্যে একটি স্মরণীয় নাম। রবীন্দ্রনাথ সত্যের প্রতি তার নিষ্ঠা দেখে তাকে ‘মহাত্মা উপাধিতে ভূষিত করেন। তাকে জাতির পিতাও বলা হয়। ১৮৬৯ সালের ২রা অক্টোবর গুজরাটের পোরবন্দরে গান্ধীজীর জন্ম হয়। তার পিতা করমচাঁদ গান্ধী ও মাতা পুতলিবাঈ। তিনি বিলেত থেকে ব্যারিস্টারী পাশ করে দেশে এসে আইন নিয়ে ব্যবসা শুরু করেন। তার নেতৃত্বে ভারতীয়রা সত্যগ্রহ আন্দোলন, অহিংস অসহযোগ আন্দোলন ও আইন অমান্য আন্দোলন করেন। মাতৃভূমিকে ইংরেজদের হাত থেকে বাঁচাতে তিনি বিভিন্ন ভাবে কাজ করেছেন। তিনি কুষ্ঠ রোগীদের সেবার জন্যে সবারমতী নদীর ধারে “সবারমতী আশ্রম” গড়ে তোলেন। ১৯৪৮ সালে ৩০শে জানুয়ারী এক আততায়ীর গুলিতে তিনি প্রাণ হারান।

প্রশ্ন:-

- ১। গান্ধীজীর পুরো নাম কী ?
- ২। রবীন্দ্রনাথ তার কী নাম দিয়েছিলেন ?
- ৩। গান্ধীজী কত সালে জন্ম গ্রহণ করেন ?
- ৪। গান্ধীজীর পিতা মাতার নাম কী ?
- ৫। গান্ধীজী কোথায় ব্যারিস্টারী পড়তে গিয়েছিলেন ?
- ৬। গান্ধীজী কোথায় আশ্রম তৈরী করেছিলেন।
- ৭। কত সালে গান্ধীজী মারা যান ?
- ৮। স্বাধীনতা আন্দোলনের দুটি নেতার নাম লেখ।
- ৯। ঠিক বা ভুল লেখ:-

ক) গান্ধীজী রবীন্দ্রনাথের নাম মহাত্মা দিয়েছিলেন ।

খ) জাতির পিতা গান্ধীজীকে বলা হয় ।

গ) দিল্লিতে গান্ধীজীর জন্ম হয় ।

১০। সাজিয়ে শব্দ বানাও:-

ক) ধীপনরা =

খ) হিতসং =

গ) রেংইজ =

ঘ) তীসমবর =

Manashi Chaudhuri